বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫ ফোন-৯২৯১১১৯

স্মারক: বাউবি/তথ্য ও গণসংযোগ-০১/০২(৬) টিভি চ্যানেল ও বেতার বি:প্র/২০০৩/৩৫৯৪/৪

২৬ ডিসেম্বর ২০২১

# ১ম সভার বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে বাউবি'র তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সভাপতি **মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন**-এর সভাপতিত্বে ১ম সভা নিম্নোক্ত তারিখ, সময় ও স্থান অনুযায়ী অনুষ্ঠিত হবে। সভার একজন সম্মানিত সদস্য হিসেবে আপনার উপস্থিতি একান্তভাবে কাম্য।

## সভার সূচি:

তারিখ: ৩১ ডিসেম্বর, ২০২১; শুক্রবার
সময়: বিকাল ০৩:৩০ টায়
স্থান: অনলাইন (জুম লিংক যথা সময়ে প্রেরণ করা হবে)

আলোচ্যসূচি ঃ

১। তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি'র কর্মপরিধি প্রসঙ্গে আলোচনা।
২। বিবিধ।

ধন্যবাদসহ,

২৬.১২.২০২১

**পরিচালক (ভারপ্রাপ্ত)**
তথ্য ও গণসংযোগ বিভাগ
ও
সদস্য সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।

**বিতরণ ও অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১. অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (শিক্ষা), বাউবি।
২. অধ্যাপক ড. সোয়েব আহমেদ (শোয়েব জিবরান), স্কুল অব এডুকেশন, বাউবি।
৩. এ এস এম নোমান আলম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাউবি।
৪. এমএস সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি।
৫. এমএস নিলোফার জাহান, যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান (ওয়ান স্টপ), এসএসএস বিভাগ, বাউবি।
৬. মো: আবদুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন, প্রশাসন বিভাগ, বাউবি।
৭. মো: আব্দুল করিম, যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৮. মো: আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি।
৯. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর। ( মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. একান্ত সচিব, ট্রেজারার এর দপ্তর। (মাননীয় ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সহকারী পরিচালক, রেজিস্ট্রার এর দপ্তর। (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ, গাজীপুর-১৭০৫-ফোন-৯২৯১১১৯

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির কর্মপরিধি সংক্রান্ত ৩১-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত জুম ওয়েবিনার সভার কার্যবিবরণী ঃ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে গঠিত কমিটির এক জুম ওয়েবিনার সভা ৩১ ডিসেম্বর-২০২১ তারিখ শুক্রবার বিকেল ৩:৩০ টায় মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) **অধ্যাপক ড. মাহবুবা নাসরীন**-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ সংযুক্ত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (শিক্ষা), বাউবি। | সভাপতি |
| ২. | ড. সোয়াইব আহমেদ (শোয়াইব জিবরান), অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি। | সদস্য |
| ৩. | এ এস এম নোমান আলম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাউবি। | সদস্য |
| ৪. | এমএস সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি। | সদস্য |
| ৫. | এমএস নিলোফার জাহান, ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান, লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি। | সদস্য |
| ৬. | মোঃ আবদুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন, প্রশাসন বিভাগ, বাউবি। | সদস্য |
| ৭. | মোঃ আব্দুল করিম, যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। | সদস্য |
| ৮. | মোঃ আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি। | সদস্য |
| ৯. | ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি। | সদস্য-সচিব |

সভার শুরুতেই প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয় জুম ওয়েবিনারে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সকলের কুশল কামনা করেন। এই শীতের বিকেল সভায় সংযুক্ত থাকার জন্য একই সঙ্গে ধন্যবাদ জানান। তিনি প্রথমে সদস্য-সচিবকে তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনা সম্পর্কে জুম ওয়েবিনার সভায় সংযুক্ত সদস্যদের অবহিত করার জন্য বলেন। এরপর সভাপতি মহোদয় তথ্য অধিকার আইন-২০০৯, বাস্তবায়ন কমটির কর্মপরিধি ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে ধারণা প্রদান করেন। তিনি কমিটির সদস্যদের তথ্য অধিকার ও কর্মপরিকল্পনা সম্পর্কে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় সদস্যগণ তথ্য অধিকার সম্পর্কে বিভিন্ন মতামত ব্যক্ত করেন।

সভায় সদস্যগণ বলেন, তথ্য অথিকার আইন সম্পর্কে আমাদের স্পষ্ট ধারনা নেই । কোন ক্যাটাগরীর তথ্য দেয়া যাবে আর কোন ক্যাটাগরীর তথ্য দেয়া যাবেনা সে সম্পর্কে প্রত্যেককে আগে ধারণা লাভ করতে হবে। সভায় বিশদ আলোচনা শেষে নিম্নোক্ত সুপারিশ গৃহীত হয়।

**সুপারিশ ঃ ১**

তথ্য অধিকার আইন এবং কর্মপরিকল্পনা সম্পর্কে একটি সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের জন্য সবাই একমত পোষণ করেন। মাননীয় উপাচার্যের সাথে আলোচনা করে সেমিনার/ওয়ার্কশপ এর রিসোর্স পার্সন এবং তারিখ নির্ধারণ করা হবে।

**সুপারিশ ঃ ২**

শিক্ষার্থী ও সর্বসাধারণকে আমরা কি কি তথ্য দিতে পারি এ বিষয়ে বিভিন্ন স্কুল ও বিভাগকে অবহিত করা। এমন তথ্য দেয়া যাবে না যা, রাষ্ট্রীয় আইনের নিরাপত্তা বিঘ্নিত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

02/01/2022

ড. আ.ফ.ম. মেজবাহউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য-সচিব
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**অধ্যাপক মাহবুবা নাসরীন,** পিএইচডি
প্রো-উপাচার্য (শিক্ষা), বাউবি
ও
সভাপতি
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

D/All dibash/21 February-Meeting